

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ জুন ২০২২

গৃহ প্রদান অনুষ্ঠানে মেয়র দেশে আর কোন মানুষ গৃহহীন থাকবে না

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বাংলাদেশের মানুষ যেন অন্ন, বস্ত্র, বাসস্থান পায় সেই স্বপ্ন ছিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের। আর সেটি বাস্তবায়ন করছেন আজকের প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি গৃহহীনদের জন্য আশ্রয়ন প্রকল্প হাতে নিয়েছেন। এখনো দেশে নদী ভাঙ্গন ও অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ে মানুষ গৃহহারা হচ্ছে। মুজিব বর্ষের মধ্যে সারাদেশে গৃহহীনদের মাঝে গৃহ প্রদান করা হচ্ছে। দেশে আর কোন মানুষ গৃহহীন থাকবে না। এ কর্মসূচির অংশ হিসেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনও গৃহহীনদের মাঝে গৃহ প্রদানের কার্যক্রম শুরু করে। ইতিমধ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কয়েকটি ওয়ার্ডে অসহায় গৃহহীনদের মাঝে গৃহ নির্মাণ করে হস্তান্তর করেছে। আজ বিকেলে নগরীর রামপুর ওয়ার্ড ও আগ্রাবাদ ওয়ার্ডে গৃহহীনদের মাঝে গৃহ হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী একথা বলেন।

এ সময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র আব্দুস সবুর লিটন, আফরোজা কালাম, ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ ইলিয়াস, নূরুল আমিন, শেখ জাফরুল হায়দার চৌধুরী, নূর মোস্তফা টিনু, সংরক্ষিত কাউন্সিলর হুসে আরা বেগম, চসিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু সালেহ, নির্বাহী প্রকৌশলী আনোয়ার জাহান ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

নগরীর বিভিন্ন সংস্থার সাথে মেয়রের মতবিনিময় সড়ক ও ফুটপাতে অবৈধ পার্কিং এবং দোকানপাট উচ্ছেদে সমন্বিত ব্যবস্থা গ্রহণ করা হবে-মেয়র

নগরীতে সড়ক ও ফুটপাতে অবৈধ পার্কিং, দোকান পাট, ভাসমান ভ্যানগাড়ি উচ্ছেদের লক্ষ্যে চসিক, সিডিএ, জেলা প্রশাসন, পরিবেশ অধিদফতর ও সিএমপি প্রতিনিধিদের সাথে এক সমন্বয় সভা গতকাল বুধবার বিকেলে বাটালি হিলস্থ মেয়রের দপ্তরে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেন, চট্টগ্রাম শুধু বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের কেন্দ্র নয়, অপার প্রাকৃতিক সৌন্দর্যময় একটি শহর। কিন্তু মানব সৃষ্ট কারণে এই শহরের রূপলাবণ্য দিন দিন হারিয়ে যাচ্ছে। শহরে সড়কগুলোতে প্রতিনিয়ত যানজট লেগেই থাকে যার প্রধান কারণ সড়কগুলোতে যত্রতত্র গাড়ি পার্কিং, অবৈধ দোকান ও ভাসমান ভ্যান গাড়ি। এই অবস্থা চলতে থাকলে দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য অতিগুরুত্বপূর্ণ শহরটি অচিরেই কার্যকারিতা হারাতে পারে। যার বিরূপ প্রভাব পড়বে দেশের সামগ্রিক অর্থনীতির উপর।

মেয়র সংশ্লিষ্ট সকল সংস্থাকে রাস্তার যানজট নিরসন ও ফুটপাতে পথচারীদের চলাচল নির্বিঘ্ন করার জন্য রাস্তা ও ফুটপাতে যত্রতত্র পার্কিং, অবৈধ দোকান, ভাসমান ভ্যান উচ্ছেদে একযোগে ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। পাশাপাশি ফ্লাই ওভারের নীচে, রাস্তার পাশে সেসব স্থানে পার্কিং উপযোগী পরিবেশ রয়েছে সেসব স্থানে পার্কিংয়ের আওতায় আনার জন্য প্রস্তাব দেন। মেয়র নগরীতে মাল্টি স্টোরিড পার্কিং ব্যবস্থার সম্ভাব্যতা যাচাই এবং প্রয়োজনে হলিডে মার্কেট চালুর করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, নগরীর গুরুত্বপূর্ণ স্থান সমূহে রাস্তা ও ফুটপাতে কোন ধরনের অবৈধ দোকান, ভ্যান বসলে তা তাম্গণিক উচ্ছেদ এবং উচ্ছেদ পরবর্তী নিয়মিত তদারক করার সকল সংস্থা সমন্বিত পরিকল্পনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় নগরীর রাস্তাগুলোকে যানজট মুক্ত রাখা, ফুটপাত দখলমুক্ত রাখা সর্বোপরি নিরাপদ বসবাসযোগ্য শহর গড়ে তোলার জন্য উপস্থিত সংস্থাগুলো একযোগে উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য ঐক্যমত্য পোষণ করেন।

এ সময় আরো বক্তব্য রাখেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা নেলী, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আলী আকবর, সিএমপি সহকারী পুলিশ কমিশনার (ট্রাফিক) নোবেল চাকমা, মোহাম্মদ হুমায়ুন রশীদ, পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ আব্দুল্লাহ আল মতিন, সিডিএ প্রতিনিধি প্রকৌশলী মোহাম্মদ হাসান প্রমুখ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩